


তথ্য এবং পরিচিতি

আরও তথ্যের জন্য এখানে লিখুন:

ginecologia.vannini@figliesancamillo.it



# একটি দর্শন বুক করতে, মিডওয়াইফের সাথে 0624291245 এ যোগাযোগ করুন




**OSPEDALE M.G. VANNINI**

অসপেদালে এম. জি. ভান্নিনি

মেডিকেল ডিরেক্টর

ডাঃ মাউরা মরেস্কিনি

ভিয়া দি আকুয়া বুলিকান্তে,৪-০০১৭৭, রোম

ফোন - যোগাযোগ কেন্দ্র ০৬ ২৪২৯১১

www.figliedisancamillo.it/roma/ospedale-vannini/



ব্যথামুক্ত প্রসবের জন্য ভান্নিনিতে আসুন

সহযোগিতায়

উওএস্সে আনেস্তেসিয়া এ আনালজেসিয়া অস্তেত্রিকা

দায়িত্বপ্রাপ্ত

ডাঃ রবের্ত ত্রিমা

উওচি জিনেকোলোজিয়া এদ অস্তেত্রিশা

ডিরেক্টর

ডাঃ মিকেলান্জেলো বোনিনফান্তে

উওচি আনেস্তেসিয়া এ রিআনিমাজ্ছিয়নে

ডিরেক্টর

ডাঃ পাওলো প্রিমিএরি

REGIONE LAZIO

MOD.AD.1099bis.0



# ANALGESIA EPIDURALE

প্রিয় ভদ্রমহিলাবৃন্দ,

এই পুস্তিকার মাধ্যমে ব্যথামুক্ত প্রসব সম্পর্কিত কিছু তথ্য তুলে ধরছি। প্রকৃতপক্ষে ২০১৮ সালের অক্টোবর মাস হতে ভবিষ্যৎ মায়েরা -যারা এই হাসপাতালে বাচ্চা জন্মদানে ইচ্ছুক, তারা ব্যথামুক্ত লেবার ও প্রসবের জন্য আবেদন করতে পারবে।

<u>এপিডিউরাল এনেসথেসিয়া দিয়ে প্রসব</u>

পার্তআনালজেসিয়া (ব্যথাবেদনাহীন প্রসব) এই শব্দটি এনেসথেসিওলজিক্যাল একটি বিশেষ পদ্ধতি, যা লেবার ও প্রসব সময়কালীন ব্যথা এড়িয়ে প্রাকৃতিকভাবে বাচ্চা জন্মদানে সাহায্য করে।

এপিডিউরাল বা পেরিডিউরাল এনেসথেসিয়া, বর্তমানে লেবার ও প্রসবের ব্যথা নিয়ন্ত্রনের সেরা কৌশল হিসেবে বিবেচিত। এটি নিম্নলিখিত প্রয়োজনীয়তা পূরণ করে :

**কার্যকারিতা** : এই এনেসথেসিয়ার কারণে প্রসূতি মহিলা লেবার সময়ে র জরায়ু সংকোচনের বা পেট শক্ত বোধ হওয়ার বিশেষ অনুভূতি ব্যথাহীনভাবে অনুভব করে।

নিরাপত্তা : এর দ্বারা মা ও ভ্রূণের কোনপ্রকার বিষক্রিয়া হয়না।

নমনীয়তা : এই এনেসথেসিয়ার দ্বারা লেবারের সময়ের ব্যথা ও প্রসবব্যথার তীব্রতা নিয়ন্ত্রিত হয়।

তুলনা : যেহেতু এটি লেবার ও প্রসবের শারীরবৃত্তিয় প্রবণতাকে প্রভাবিত করেনা, প্রসূতিকে পেট সংকোচনের অনুভূতি বুঝতে সাহায্য করে, নির্ধারিত সময়ে চাপ দেয়ার অনুভূতি অনুভব ও সন্তান প্রসবের কার্যকর প্রচেষ্টায় সহযোগিতা করে; সেহেতু প্রসূতি ব্যথার অনুপস্থিতিতে নিজ সন্তান জন্মদানের ক্ষেত্রে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারে।



<u>এপিডুরালে কিভাবে দেয়া হয়?</u>

এপিডুরালটি সম্পাদিত হয় এনেসথেসিয়া ও রিএনিমেশনের একজন বিশেষজ্ঞ চিকিৎসকের দ্বারা। এই প্রক্রিয়ায় একটি সূঁই এর মাধ্যমে মেরুদন্ডে ক্যাথেটার নামক একটি সরু পাইপ প্রবেশ করানো হয় ও ব্যান্ডেজ দিয়ে তা আটকে দেয়া হয়। পরবর্তীতে এখান থেকে কিছুক্ষণ পর পর স্পাইনাল কর্ডের এপিডুরাল স্পেসে ব্যথানাশক ওষুধ দেয়া হয়।

<u>সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া ও জটিলতা :</u>

এপিডুরাল অ্যানালজেসিয়া এনেসথেসিয়া ও রিএনিমেশনের বিশেষজ্ঞ ও প্রমাণিত অভিজ্ঞ চিকিৎসকদের নিবিড় যত্নে সম্পাদিত হয়; এটি একটি নিরাপদ কৌশল ও সাধারণত জটিলতামুক্ত।

সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া সাধারণত শরীরের নিচের অংশের অঙ্গগুলিতে উত্তাপ ও ঝিঁ ঝিঁ ধরা অনুভূতি অনুভবের মাধ্যমে, হালকা রক্তচাপ হ্রাসের (যা শিরায় তরল/স্যালাইন প্রবেশের দ্বারা নিয়ন্ত্রণ সম্ভব) মাধ্যমেও দেখা দিতে পারে এবং কখনো কখনো স্বল্পকালীন চুলকানি হতে পারে।

খুবই বিরল ক্ষেত্রে প্রসবের পরে, দাঁড়ানো বা খাড়া অবস্থায় একধরণের মাথা ব্যথা হতে পারে যা বিছানায় চিৎ হয়ে শুলে ও হালকা বেদনানাশক তরল ওষুধ (চিকিৎসক কর্তৃক প্রদত্ত) গ্রহন করলে ভাল হয়ে যায় এবং এটি কয়েকদিন স্থায়ী হতে পারে।

এপিডুরালের কারণে মারাত্মক স্নায়বিক জটিলতা অত্যন্ত বিরল। তদুপরি মেরুদন্ড/এপিডিউরাল হেমাটোমাস, স্নায়ুমূলের ক্ষত, মেনিনজিয়াল ও আরকনয়েডাইটিস সংক্রমণ হতে পারে।



<u>ব্যথাহীন প্রসবের প্রস্তুতি :</u>

সকল গর্ভবতী মহিলারাই ব্যথাহীন প্রসবের পদ্ধতি গ্রহণ করতে পারে। এটি একটি বহুল পরীক্ষিত, নিরাপদ ও একীভুত কৌশল হওয়া সত্ত্বেও, পদ্ধতির যেকোন সমস্যা ও প্রতিলক্ষণ চিহ্নিত করণে র জন্য অ্যানেস্থেসিস্ট দ্বারা সতর্কতা ও প্রতিরোধমূলক মূল্যায়ন করা দরকার। কাজেই নির্দিষ্ট সময় ও নির্দিষ্ট উপায়ে অ্যানেস্থেসিস্টের শরণাপন্ন (ভিজিট করানো) হওয়া আবশ্যক; নতুবা প্রসূতি মহিলার লেবার সময়ে ব্যথাহীন প্রসবের পদ্ধতি অবলম্বনে র আবেদন অ্যানেস্থেসিয়ার চিকিৎসক নাকচ করে দিতে পারেন।

<u>অ্যানেস্থেসিস্টের ভিজিট কিভাবে নিতে হবে?</u>

ব্যথাহীন প্রসবের সেবাপ্রদান কার্যক্রম সপ্তাহে প্রতিদিন (৭দিন) ২৪ ঘন্টাই সক্রিয় থাকে। আগ্রহী গর্ভবতী মহিলারা তাদের গর্ভাবস্থার ৩৪ থেকে ৩৬ সপ্তাহের মধ্যে নির্দিষ্ট ফোন নম্বরে যোগাযোগের ভিত্তিতে ডেলিভারি রুমের দায়িত্বরত অস্তেত্রিকার কাছ থেকে নিম্নলিখিত দিনগুলিতে ভিজিট বুকিং দিতে পারে : সোমবার, বুধবার ও শুক্রবার বেলা ১৪টা (দুপুর ২টা) হতে। ফোন নম্বরগুলি হচ্ছে : ০৬২৪২৯১৩৪৩ - ০৬২৪২৯১২৪৫ – ০৬২৪২৯১৩৫৬।

অ্যানেস্থেসিস্টের ভিজিটে র মূল্য ৫০ইউরো এবং এই ভিজিট হাসপাতালের তৃতীয়তলায় অবস্থিত অস্তেত্রিকা এ জিনেকোলোজিয়া বিভাগে সম্পন্ন হয়। ভিজিটের দিনে প্রসূতিকে অবশ্যই নিম্নোল্লিখিত বিষয়াদিসহ উপস্থিত হতে হবে : কার্তা দি ইদেন্তিতা, তেস্সেরা সানিতারিয়া এবং চিকিৎসক কর্তৃক নির্দেশিত ক্লিনিক্যাল পরীক্ষাসমূহ; যেমন – ইলেক্ট্রকার্ডিওগ্রাম (যেটা ৩মাসের বেশি পুরানো হতে পারবেনা), প্লাটিনাট গণনাসহ সম্পূর্ণ সিবিসি ও প্রস্রাবের পূর্ণ পরীক্ষা, পিটি, পিটিটি, এটি III, ফাইব্রিনোজেন, এলবুমিন, ব্লাড সুগার (ডায়াবেটিস), এজোতেমিয়া, ক্রিয়েটিনিন, সোডিয়াম, পটাসিয়াম, ক্লোরিন, ক্যালসিয়াম, জিওটি, জিপিটি, ওয়াই-জিটি, এলডিএইচ, ডাইরেক্ট ও ইনডাইরেক্ট বিলুরুবিন, এইচবিএসএজি, এন্টিএইচসিভি, রক্তের গ্রুপ ও আরএইচ ফ্যাক্টর (গর্ভাবস্থায় পরীক্ষিত)।

উক্ত ভিজিটের দিনে অ্যানালজেসিয়ার কৌশল সম্পর্কিত তথ্য সরবরাহ করা হবে, ব্যক্তিগত তথ্যের ভিত্তিতে অ্যানেস্থেসিস্ট ফাইল পূরণপূর্বক নির্দিষ্ট ফর্মে প্রসুতির সম্মতিমূলক সাক্ষর গ্রহণ করবে।

ব্যথাহীন প্রসবের আবেদনকারী সকল গর্ভবতী মহিলাদের আমাদের অস্তেত্রিকা, স্ত্রীরোগবিশেষজ্ঞ, অ্যানেস্থেসিস্ট, নবজাতশিশুরোগবিশেষজ্ঞ কর্তৃক পরিচালিত প্রসবপূর্বকালীন ফ্রি কোর্সে অংশগ্রহণের জন্য জোরালো সুপারিশ করা যাচ্ছে। (যেকোন তথ্যের জন্য নিম্নলিখিত নম্বরসমূহে ফোন করে অস্তেত্রিকার সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে : ০৬২৪২৯১৩৪৩ - ০৬২৪২৯১২৪৫ – ০৬২৪২৯১৩৫৬)।

